গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
অডিট ও সমন্বয় শাখা
পরিকল্পনা মন্ত্রণালয়
www.sid.gov.bd

নং- ৫২.০০.০০০০.০১০.১৬.০১১.২০-১১৪

তারিখঃ ০৬ আষাঢ় ১৪২৮
২০ জুন ২০২১

বিষয়  জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২০-২১ অর্থবছরের নৈতিকতা কমিটির ৪র্থ ত্রৈমাসিক সভার কার্যবিবরণী প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২০-২১ অর্থবছরের নৈতিকতা কমিটির ৪র্থ ত্রৈমাসিক সভার কার্যবিবরণী এতদ্‌সংগে প্রয়োজনীয় কার্যার্থে নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ  কার্যবিবরণী ০১ (এক) পাতা।

২০/৬/২০২১

মো: আনোয়ার হোসেন
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৫৫০০৭৩৮৫

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। অতিরিক্ত সচিব (তথ্য ব্যবস্থাপনা /প্রশাসন/ উন্নয়ন),পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
০২। মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, পরিসংখ্যান ভবন, আগারগাঁও, ঢাকা।
০৩। যুগ্ম সচিব (তথ্য ব্যবস্থাপনা/বাজেট, অডিট ও সমন্বয়), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, আগারগাঁও, ঢাকা।
০৪। উপসচিব (বাজেট ও আর্থিক ব্যবস্থাপনা অধিশাখা/প্রশাসন-১, ৩ অধিশাখা/ উন্নয়ন-১, ২, ৩ অধিশাখা), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, আগারগাঁও, ঢাকা।
০৫। সিস্টেম এনালিস্ট, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, আগারগাঁও, ঢাকা।
০৬। সিনিয়র সহকারী সচিব (আইন শাখা)/ প্রোগ্রামার/ সহকারী সচিব (প্রশাসন-২ শাখা), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।

অনুলিপিঃ

১। সচিবের একান্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা। (সচিব মহোদয়-কে অবহিতকরণের অনুরোধসহ)।
২। প্রোগ্রামার, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিসংখ্যান ও ত থ্য ব্যবস্থাপনা বিভাগ
অডিট ও সমন্বয় শাখা
পরিকল্পনা মন্ত্রণালয়
www.sid.gov.bd

## পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের 'নৈতিকতা কমিটি'র ৪র্থ সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভার তারিখ | : | ১৪-০৬-২০২১ খ্রিঃ |
| সময় | : | দুপুর ১২.৩০ ঘটিকা |
| স্থান | : | সভা কক্ষ (ব্লক-এ), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ |
| সভাপতি | : | জনাব মুহাম্মদ ইয়ামিন চৌধুরী<br>সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ |
| সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা | : | পরিশিষ্ট "ক" সংযুক্ত |

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানান। অতঃপর সভাপতির অনুমতিক্রমে মোছাঃ নূরজাহান খাতুন, যুগ্মসচিব (বাজেট, অডিট ও সমন্বয়) ও সদস্য সচিব নৈতিকতা কমিটি'র ৩য় সভার কার্যবিবরণী পাঠ করে শোনান এবং এতে কোনরুপ সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। পরবর্তীতে তিনি জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২০-২১ এর ৪র্থ ত্রৈমাসিক (এপ্রিল-জুন) অগ্রগতি প্রতিবেদন (খসড়া) বিস্তারিতভাবে উপস্থাপন করেন। সভায় বিস্তারিত আলোচনার পর নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্রমিক নং | আলোচ্য বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১. | **স্ব স্ব অনুবিভাগ/অধিশাখা/শাখা-এর কোয়ার্টার ভিত্তিক অগ্রগতি প্রতিবেদন প্রেরণ:**<br>জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২০-২১ অর্থবছরের ৩য় কোয়ার্টার-এর বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন এবং নৈতিকতা কমিটির ৩য় ত্রৈমাসিক সভার কার্যবিবরণী প্রতিবেদন গত ০৪/০৪/২০২১ তারিখে (হার্ড কপি ও সফ্ট কপিসহ) মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে। ৪র্থ ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদনের (খসড়া) উপর সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ২০২০-২১ অর্থবছরের অনুমোদিত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ৪র্থ ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে জরুরী ভিত্তিতে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে। | যুগ্মসচিব (বাজেট, অডিট ও সমন্বয়) ও সদস্য সচিব, নৈতিকতা কমিটি, SID |
| ০২ | **অধিশাখা/শাখা পরিদর্শন:**<br>পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের কর্মকর্তাগণ কর্তৃক নিজ নিজ শাখা/অধিশাখা নিয়মিত পরিদর্শন করে প্রতিবেদন দাখিলের বিষয়ে আলোচনা হয়। | সচিবালয় নির্দেশমালা-২০১৪ অনুযায়ী পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের কর্মকর্তাগণ নির্ধারিত সময়ে নিজ নিজ অধিশাখা / শাখা পরিদর্শনপূর্বক প্রতিবেদন দাখিল করবেন। | অতিরিক্ত সচিব (প্রশাসন), SID |

| | | | |
|---|---|---|---|
| ০৩ | **ক্রয় পরিকল্পনাঃ**<br>২০২০-২১ অর্থবছরে মোট ক্রয় পরিকল্পনার ২০% e-GP তে সম্পন্ন করার বিষয়ে আলোচনা হয়। | পরিপত্র অনুযায়ী e-GP পদ্ধতিতে ক্রয় কার্য সম্পন্ন করার প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। | অতিরিক্ত সচিব (প্রশাসন), SID |
| ০৪ | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সকল প্রশিক্ষণ কার্যক্রম প্রশিক্ষণ ক্যালেন্ডার অনুযায়ী করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সকল প্রশিক্ষণ কার্যক্রম প্রশিক্ষণ ক্যালেন্ডার অনুযায়ী বাস্তবায়ন করতে হবে। | সিনিয়র সহকারী সচিব (আইন ও প্রশিক্ষণ শাখা) SID |
| ০৫ | পরিসংখ্যান ভবনের পরিষ্কার-পরিচ্ছন্নতা কার্যক্রম অব্যাহত রয়েছে এবং ভবনের সিঁড়িতে রিচার্জেবল লাইট লাগানোর ব্যবস্থা গ্রহণ করা হয়েছে মর্মে আলোচনা করা হয়। | পরিসংখ্যান ভবনের সিড়ি দিয়ে অবাধ যাতায়াতের জন্য সবসময় সিড়ি পরিষ্কার-পরিচ্ছন্ন রাখতে হবে।<br>ভবনের প্রত্যেক সিড়িতে / ফ্লোরে স্থাপিত রিচার্জেবল লাইট সর্বদা সচল রাখতে হবে। | মহাপরিচালক BBS এবং সহকারী সচিব (প্রশাসন-২ শাখা) SID |
| ০৬ | প্রত্যেক শাখা, অধিশাখা ও অনুবিভাগে কর্মরত কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরকৃত রিকুইজিশন ফরম এর মাধ্যমে মালামাল সরবরাহ করা হচ্ছে এবং মালামাল সংগ্রহের পর তা স্টক রেজিস্টারে লিপিবদ্ধ করার বিষয়টি যথাযথভাবে মনিটরিং করা হচ্ছে মর্মে সভায় আলোচনা করা হয়। | প্রত্যেক শাখা, অধিশাখা ও অনুবিভাগে কর্মরত কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরকৃত রিকুইজিশন ফরম এর মাধ্যমে মালামাল সরবরাহ অব্যাহত রাখতে হবে।<br>মালামাল সংগ্রহের পর তা সংশ্লিষ্ট রেজিস্টারে লিপিবদ্ধ করার বিষয়টি মনিটরিং করতে হবে। | যুগ্মসচিব (বাজেট, অডিট ও সমন্বয়) SID |

০২। অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

১৭.৫.২০২১

মুহাম্মদ ইয়ামিন চৌধুরী
সচিব
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।